দামুড়হুদায় গ্রামেগঞ্জে বিএনপির নির্বাচনী প্রচারণায় নীলিমা আক্তার বিশ্বাস

চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপি’র সাবেক সংসদ সদস্য শহিদুল ইসলাম বিশ্বাসের কন্যা কেন্দ্রীয় কৃষক দলের সদস্য, জিয়া পরিষদের মহিলা বিষয়ক সম্পাদিকা ও চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাবেক সদস্য নীলিমা আক্তার বিশ্বাস চুয়াডাঙ্গা–২ আসনের বিএনপি’র মনোনীত প্রার্থী জেলা বিএনপি’র সভাপতি মাহমুদ হাসান খান বাবু’র নির্বাচনী প্রচারণায় অংশ নিয়ে দলীয় নেতাকর্মীদের মাঝে নতুন উদ্দীপনা সৃষ্টি করেছেন।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে তিনি দামুড়হুদা উপজেলার কাঁঠালতলায় অবস্থিত হাউলি ইউনিয়ন বিএনপির নির্বাচনী অফিস পরিদর্শন করেন। এসময় তিনি স্থানীয় ভোটারদের সঙ্গে সরাসরি মতবিনিময় করেন এবং মাহমুদ হাসান খান বাবুর জন্য ধানের শীষ প্রতীকে ভোট প্রার্থনা করেন।

নির্বাচনী অফিসে উপস্থিত নেতাকর্মীদের উদ্দেশ্যে নীলিমা আক্তার বিশ্বাস বলেন, “ধানের শীষের বিজয় নিশ্চিত করতে হলে সবাইকে ঐক্যবদ্ধভাবে জনগণের পাশে দাঁড়াতে হবে। জনগণের আস্থা ও ভালোবাসা অর্জনের মাধ্যমেই এই আসনে বিজয় ছিনিয়ে আনা সম্ভব। তিনি দলীয় নেতাকর্মীদের সংগঠিত হয়ে মাঠপর্যায়ে সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান। এসময় তিনি নির্বাচনী কৌশলগত বিভিন্ন দিকনির্দেশনা দেন এবং নেতাকর্মীদের সঙ্গে কুশল বিনিময় করেন। তাঁর উপস্থিতিতে পুরো এলাকায় সৃষ্টি হয় উৎসবমুখর পরিবেশ, মুহুর্মুহু স্লোগানে মুখরিত হয় প্রাঙ্গন।

স্থানীয় জনগণ প্রিয় নেত্রীকে কাছে পেয়ে আবেগে আপ্লূত হয়ে পড়েন। নীলিমা আক্তার বিশ্বাসের এই আকস্মিক সফর ও দিকনির্দেশনায় হাউলি ইউনিয়নসহ আশপাশের এলাকায় বিএনপি’র নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উদ্দীপনা ও কর্মচাঞ্চল্য লক্ষ্য করা গেছে। পরে তিনি হাউলী ইউনিয়নের কাদিপুর, লোকনাথপুর সহ বিভিন্ন স্থানে ধানের শীষের পক্ষে নির্বাচনী প্রচারণা ও ভোট প্রার্থনা করেন।